

## **CBCS B.A. HONS -POLITICAL SCIENCE**

### **SEM-VI : DSE3T: Citizenship in a Globalizing World TOPIC: 5. The Idea of Cosmopolitan Citizenship**

#### **বিশ্বজনীন নাগরিকত্বের ধারণা**

Piku Das Gupta, Associate Professor, Dept. of Political Science

---

#### **বিশ্বজনীন নাগরিকত্বের ধারণা:**

ইতিহাসের পথ বেয়ে ‘নাগরিকতা’ (Citizenship)-র ধারণা সামাজিক ও রাজনৈতিক পরিপ্রেক্ষিতে, দর্শন ভাবনায়, আইনশাস্ত্রে এবং বাস্তব জীবনের অভিজ্ঞতায় সবিশেষ গুরুত্ব অর্জন করেছে। প্রাচীন গ্রীসের ‘নগর-রাষ্ট্র’ (City-states)-এর সদস্যদের ধারণা থেকে বিকশিত ও বিতর্কিত হয়ে ইতিহাসের নানা কালপর্বে সময়ের দাবিতে তা বিভিন্ন রূপ পরিগ্রহ করেছে। এভাবে, ইতিহাসগত ভাবে ‘নাগরিকতা’-র ধারণার বিকাশে কালপর্ব অনুযায়ী বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। যেমন - গ্রীক ও রোমান যুগ (খ্রিষ্টপূর্ব চতুর্থ শতক থেকে যার শুরু), মধ্যযুগের শেষ থেকে আধুনিক যুগের সূচনা পর্ব - যা ফরাসী বিপ্লব ও আমেরিকার স্বাধীনতা যুদ্ধ পর্যন্ত পরিব্যপ্ত; এবং উনবিংশ শতকে উদারনীতিবাদী ধ্যান-ধারণার প্রসার থেকে বিংশ শতাব্দীতে তার ব্যাপ্তির কাল এবং সাম্প্রতিক কালে তার বিকাশ। এরই মাঝে বিশ্বায়ন, মানবাধিকার ও বিশ্বনাগরিকত্ব (Cosmopolitan Citizenship) এর ধারণা বিশ্বায়নকে পৃথিবীব্যাপী যোগাযোগ, বিশ্বব্যাপী বাজার-উৎপাদন ব্যবস্থা ও অর্থের চলাচল, তথ্য-প্রযুক্তির অবাধ আদান-প্রদানের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ করেন।

অধ্যাপক রস (Rosenau) বিশ্বায়নের কতকগুলি অনন্য বৈশিষ্ট্যের উল্লেখ করেছেন। বিশ্বায়নের কতকগুলি ঐক্যসাধনকারী (integrating) সূত্র আছে, যেমন:

- মুক্ত বাজার,
- তথ্যপ্রযুক্তিও মূলধনের বিশ্বব্যাপী সচলতা,
- জাতীয় আন্তর্জাতিকরণ,
- বিশ্বব্যাপী অর্থনৈতিক ও রাজনৈতিক সংগঠনের প্রসার,
- শ্রমের চলাচল (যাকে Footloose labour বলা হয়েছে),
- যোগাযোগের বিপ্লব ইত্যাদি

এরই প্রভাবে একটি Global Civil Society ধীরে ধীরে গড়ে উঠছে এবং মানবাধিকারের ধারণা প্রসারিত হয়েছে। এই জটিল ও পরিবর্তনশীল পরিস্থিতিতে নাগরিকত্বের সাবেকি ধারণা চ্যালেঞ্জের সম্মুখে।

বিশ্বায়নের ফলে সমমনস্ক, সমরুচিসম্পন্ন মানুষজনের মধ্যে ভাবের আদান-প্রদান, চিন্তা ও কল্পনার আদান-প্রদান বহুস্তরে, বহু দিকে প্রসারিত হচ্ছে। বিশ্বব্যাপী মানবাধিকার আন্দোলন, পরিবেশ আন্দোলন, নারীবাদী আন্দোলন, যুব আন্দোলন, উপজাতীয় আন্দোলন, সমকামী মানুষদের সমানাধিকারের আন্দোলন সম্প্রসারিত হয়েছে। ব্যক্তি বা নাগরিক এখন অনেক বেশি দক্ষ, অনুভূতিসম্পন্ন ও স্বাতন্ত্রিয়া তার ফলে ঐতিহাসিক কারণে অন্ধ আনুগত্য প্রদর্শন না করে কর্তৃপক্ষের কাজ বিচার করে আনুগত্য প্রদর্শনের প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এখন নাগরিক অনেক বেশি সচেতনভাবে স্থির করে - কখন কতটা কার প্রতি আনুগত্য প্রদর্শন করবে।

বহুমুখী সংস্কৃতির প্রসার ঘটেছে। বিশ্বব্যাপী ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক আদান-প্রদান বৃদ্ধি পাওয়ার ফলে পৃথিবীব্যাপী শ্রমবাজারের সচলতা ও occupational mobility বৃদ্ধি পেয়েছে। আবার বিশ্বায়নের কুফল - অর্থনৈতিক বৈষম্য ও জাতীয় রাষ্ট্রের সংকটের বিরুদ্ধে নানা প্রতিবাদী আন্দোলন গড়ে উঠেছে। অনেক ক্ষেত্রে ধর্মীয় মৌলবাদ, জাতীয়তাবাদ, উপজাতীয়স্বাতন্ত্র্য ও আঞ্চলিক স্বাতন্ত্র্যকে ভিত্তি করে ওই সব আন্দোলন প্রসারিত হয়েছে। তাই নাগরিকত্বকে আজ সংকীর্ণ রাষ্ট্রীয় গণ্ডির মধ্যে আবদ্ধ রেখে দেখার দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে এটাই সময়ের সাথে এক অতি প্রয়োজনীয় বিষয়।

সীমানাহীন বিশ্ব বা Borderless World-এ বিশ্বজনীন নাগরিকত্বের (Cosmopolitan Citizenship)-এর ধারণা অনেক বেশি প্রাসঙ্গিক বলে অনেকে মনে করেন। বিশ্বায়নের প্রভাবে বহুসংস্কৃতিবাদ বা multiculturalism-এর প্রসার ঘটেছে। Yasemin Soysal বলেছেন, “. . . globalization has brought in a new and more universal concept of citizenship...”। জাতীয় আনুগত্য বা national belonging' এখন আর নাগরিকত্বের প্রধান বিচার্য বিষয় নয়। এই প্রসঙ্গে অনুপমা রায় মন্তব্য করেছেন, “The practice of citizenship in the contemporary world has seen simultaneous and contradictory trends towards both transnational citizenship and fortification of the nation-state boundaries and sovereignty”, অর্থাৎ দুটি পরস্পরবিরোধী প্রক্রিয়া বিশ্বায়নের প্রেক্ষিতে সমান্তরালভাবে চলেছে— একদিকে জাতীয়রাষ্ট্রকে শক্তিশালী করার প্রয়াস, আবার অন্যদিকে অতিজাতীয় নাগরিকত্ব ধারণার প্রসার। ভৌগোলিক সীমানায় রাষ্ট্রীয় কর্তৃত্ব অপ্রতিহত থাকলেও, ‘সাইবারস্পেস’ তথা মানুষেরমনোজগত এখন আর পূর্বের মত রাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন নয়। এই দুই বিপরীত স্রোতের দ্বৈরথে সাবেকি নাগরিকত্বের ধারণা চ্যালেঞ্জের সম্মুখে। তাই এই শতাব্দীতে নাগরিকতার আলোচনায় বিশ্বজনীন নাগরিকত্বের ধারণা অতি গুরুত্বপূর্ণ।